R N. No. 2532/57

Regd No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
অক্ষরে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

ক্রম্পটন গ্রীভস লিমিটেডের
ল্যাম্প, টিউব, ষ্টার্টার,
ফিটিংস এবং ফ্যান
ডীলার
এস, কে, রায়
হার্ডওয়ার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ
ফোন নং—৪

৬৭শ বর্ষ
৪২শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১১ই চৈত্র বুধবার, ১৩৮৭ সাল
২৫শে মারচ, ১৯৮১ সাল।

নগদ মূল্য : ২০ পয়সা
বার্ষিক ৯৲, সডাক ১০৲

## অফিসারদের কাজকর্ম পুলিশ কর্তাদের ভাবনা বাড়িয়েছে

বিশেষ সংবাদদাতা : দুটি পুলিশী সংগঠনের তিক্ত সম্পর্ক, কয়েকটি থানার কাজকর্মে চূড়ান্ত গাফিলতি এবং গোয়েন্দা অফিসারদের গোয়েন্দাগিরিতে ব্যর্থতা মুরশিদাবাদের উচ্চতম পুলিশের দুই কর্তাকে রীতিমত ভাবিয়ে তুলেছে। জেলার পুলিশ সুপার এ বি ভোরাও পুলিশ মহলের একাংশের আচার আচরণে অসন্তুষ্ট। তিনি ফেব্রুয়ারীতে মুরশিদাবাদে এসেছেন। ইতিমধ্যেই কয়েকটি থানার কয়েকজন অফিসারের বিরুদ্ধে গুরুতর অভিযোগ তাঁর কাছে নাকি জমা পড়েছে। বহরমপুরে পুলিশ মহলের এক মুখপাত্রের কাছে পাওয়া খবর, জঙ্গিপুর মহকুমার দুটি থানার ওসি'র আচরণকে সন্দেহজনক বলে মনে করা হচ্ছে। তাঁদের বিরুদ্ধে গুরুতর বহু অভিযোগ রয়েছে। এই দুটি থানা হোল সামসেরগঞ্জ ও সাগরদীঘি। সেখানে অসামাজিক কাজকর্ম ক্রমশঃ বৃদ্ধি পাওয়ায় জেলা পুলিশ মহল উদ্বিগ্ন। রঘুনাথগঞ্জের এক গোয়েন্দা অফিসারের গোয়েন্দাগিরিতেও পুলিশের উচ্চতম নেতারা ক্ষুব্ধ। ঐ গোয়েন্দা অফিসারের ব্যর্থতা ও চালচলন সন্দেহের কারণ হয়ে দাঁড়িয়েছে। কারণ বিভিন্ন মহল থেকে জেলার পুলিশ কর্তাদের কাছে রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুর থেকে অন্য রকম খবর গিয়ে পৌঁচচ্ছে। দুটি সাম্প্রদায়িক দল ও পত্রিকার প্রচার পরিস্থিতিকে আরো জটিল করে তুলছে বলে বহরমপুরের পুলিশ কর্তাদের কাছে খবর আছে। বিভিন্ন থানায় বহু ওয়ারেন্ট ইস্যু হয়ে পড়ে থাকা সত্বেও আসামীরা ধরা পড়ছে না। পুলিশের খাতায় এরা পলাতক বলে চিহ্নিত করা হোলেও ঘটনা

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## মুর্শিদাবাদ রাজ্যে ১ম

নিজস্ব সংবাদদাতা : স্বল্প সঞ্চয়ে মুর্শিদাবাদ রাজ্যের সব জেলার চেয়ে এগিয়ে থাকায় পাঁচ লক্ষ টাকা ও একটি শীল্ড অর্জন করেছে। বৃহস্পতিবার বহরমপুর রবীন্দ্রসদনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে পশ্চিমবঙ্গের রাষ্ট্রমন্ত্রী আবদুল বারি জেলা শাসক কস্তুরীমেনন গুপ্তার হাতে এই পুরস্কার তুলে দেন। ১৯৭৯-৮০ সালে মুর্শিদাবাদ জেলায় স্বল্প সঞ্চয়ে লক্ষ্যমাত্রা ছিল ১ কোটি ৮০ লক্ষ টাকা। সংশ্লিষ্ট বছরে সেই লক্ষ্যমাত্রা ছাড়িয়ে এ

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## জঙ্গিপুরে কংগ্রেস(ই) চোদ্দটিতে লড়বে

নিজস্ব সংবাদদাতা : পৌর নির্বাচনে জঙ্গিপুর পৌরসভায় ইন্দিরা কংগ্রেস ১৪টি আসনে প্রার্থী দেবে। এ ব্যাপারে নামও প্রায় চূড়ান্ত হয়ে গেছে। দলের নির্ভরযোগ্য সূত্র থেকে এ খবর পাওয়া গেছে। যতদূর খবর ১২নং ওয়ার্ডে তাঁদের দলের সরাসরি কোনো প্রার্থী থাকবে না। তাঁরা সম্ভবতঃ পূর্বতন কমিশনারকে পূর্ণ সমর্থন দেবেন। যে ১৪ জন প্রার্থী মনোনয়ন পাচ্ছেন বলে খবর এসেছে তাঁদের মধ্যে আছেন সমীর চক্রবর্ত্তী, অলোক সাহা, দেবব্রত সাধু, রবীন্দ্র পণ্ডিত, মোদাশ্বর হোসেন প্রমুখরা। বিভিন্ন ওয়ার্ডে প্রার্থী হতে চেয়ে অনেকেই নেতাদের কাছে দরবার জানাতে হাজির হচ্ছেন। ৪টি ওয়ার্ডে ইন্দিরা কংগ্রেসের বিক্ষুব্ধ গোষ্ঠী প্রার্থী হবেন বলে খবর পাওয়া গেছে। অন্যদিকে বামফ্রণ্ট শরিকদলের মধ্যে আসন বণ্টন এখনও চূড়ান্ত রূপ পেতে দেরী

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## ভুয়া বর্গাদার

নিজস্ব সংবাদদাতা : 'আমরা কোন জমি ভাগে করি না। আমরা বর্গাদারও নই। সুতরাং বর্গাদার হিসেবে আমাদের নাম নথীভুক্ত করা অসঙ্গত হয়েছে' এই মর্মে কয়েকজন বর্গাদারের কাছ থেকে দরখাস্ত পেয়ে মুর্শিদাবাদের অতিরিক্ত জেলা শাসক সে সম্পর্কে গোপন তদন্তের নির্দেশ দিয়েছেন। সাগরদীঘি থানার সি পি এম প্রভাবিত একটি অঞ্চলে কয়েকজন মজুরের নামে বর্গা রেকর্ড করানো হয়। তারাই বর্গাদারের স্বীকৃতি নিতে অস্বীকৃতি

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## দাদাঠাকুর রচনা সম্ভার

দাদাঠাকুর জন্মশতবর্ষ পূর্ত্তি উপলক্ষে দাদাঠাকুর রচনা সম্ভার প্রকাশের পথে। প্রথম খণ্ড জুন মাসে প্রকাশিত হইতেছে। অগ্রিম দশ টাকা পাঠাইয়া গ্রাহক তালিকাভুক্ত হইবার ঠিকানা:

অনুত্তম পণ্ডিত
C/o. পণ্ডিত প্রেস
পোঃ রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

## দোলে অশান্তি, ১৪৪ ধারা জারী

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুরে, ফরাক্কায় এবং বাড়ালা গ্রামের তিনটি ঘটনা ছাড়া মহকুমায় এবারে শান্তিপূর্ণভাবেই দোল উৎসব পালিত হয়েছে। জঙ্গিপুর শহরে রং দেওয়া নিয়ে গোলমাল দেখা দেওয়ায় রঘুনাথপুর, মহম্মদপুরসহ কয়েকটি এলাকায় ১৪৪ ধারা জারী করা হয়। অশান্তির আশঙ্কায় সেখানে অতিরিক্ত পুলিশবাহিনীও মোতায়েন করা হয়। পুলিশী সূত্রের খবরে প্রকাশ, ফরাক্কা পুলিশ ও হোমগার্ডরা যখন দু'জন অভিযুক্ত আসামীকে নিয়ে ফরাক্কা থানায় যাচ্ছিল, সেই সময় একদল লোক তাদের উপর চড়াও হয়ে মারধোর করে। পুলিশ এ ব্যাপারে পরে এগার জনকে গ্রেপ্তার করে। রঘুনাথগঞ্জ থানার বাড়ালা গ্রামে জোর করে রং দেওয়া ও মারধোরের ঘটনা ঘটে বলে পুলিশ সূত্রে জানা গেছে। এ ছাড়াও সাগরদীঘি থেকে রং খেলা নিয়ে সামান্য কিছু গোলমালের খবর এসেছে। পুলিশ সতর্ক দৃষ্টি রাখায় গোলমাল এবারে ব্যাপক রূপ নিতে পারেনি বলে জানা গেছে।

## মর্মান্তিক মৃত্যু

নিজস্ব সংবাদদাতা : ট্রাফিক পুলিশের ভুলে গত বৃহস্পতিবার একটি বালককে বাসের তলায় চাপা পড়ে প্রাণ দিতে হয়েছে রঘুনাথগঞ্জ শহরের ফুলতলায়। 'ভাগ্যলক্ষ্মী' নামে বাসটি যখন পেছনে ঘুরছিল তখনই এই দুর্ঘটনা ঘটে। পুলিশ চালকসহ বাসটিকে পরে আটক করে। তালাই-এর কাছে এক ট্রাক দুর্ঘটনাতে আর এক ব্যক্তি প্রাণ হারিয়েছেন গত রবিবার।

## পার্টি-আমলা দ্বন্দ্বে ভাতা বন্ধ

ধুলিয়ান : ধুলিয়ানের মহিলা সূচী শিল্প প্রশিক্ষণ কেন্দ্রে শিক্ষার্থী নির্বাচন সংক্রান্ত বিষয়ে সামসেরগঞ্জের বিডিওর বিরুদ্ধে গুরুতর অভিযোগ পাওয়া গিয়েছে। প্রাক্তন বিডিও চঞ্চল ব্যানার্জী সরকারী নিয়মকানুন লঙ্ঘন করে গত ১৪-১২-৮০ একতরফা শিক্ষার্থী বাছাই করে নামের তালিকা টানিয়ে দেন। খবরে প্রকাশ উক্ত বিডিও গত ১৫-১২-৮০ অন্যত্র বদলি হয়ে চলে যান। মহিলা শিক্ষার্থীগণ গত ১৮-১২-৮০ হতে প্রশিক্ষণ কেন্দ্রে যোগদান করা সত্বেও এখন পর্যন্ত

( ২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১১ই চৈত্র বুধবার, ১৩৮৭

## হোলির পবিত্রতা

দোল ও হোলি পর্ব সমাপ্ত হইয়াছে। এতদঞ্চলে এই উপলক্ষ্যে কোন বৃহৎ আকারের অশান্তি ও অপ্রীতিকর পরিস্থিতি দেখা যায় নাই। সরকার পূর্ব হইতে সতর্কমূলক ব্যবস্থাদি গ্রহণ করিয়াছিলেন। স্থানে স্থানে ১৪৪ ধারা জারী করা হইয়াছিল। শান্তিতে ও নির্বিঘ্নে এই উৎসব উদ্‌যাপিত হইয়াছে।

বাসন্তী পূর্ণিমায় অনুষ্ঠেয় এই উৎসব। শীতের জাড্যতা কাটিয়া যায়; বসন্তের আগমনে চেতন-অচেতন প্রকৃতির বুকে জাগে আনন্দের সাড়া। শিমূল-পলাশের রক্তরাঙা রূপ মনকে রাঙায় এক খুশীর আমেজে। সেই খুশীর প্রকাশ ঘটে আবীর-গুলালের ছড়াছড়িতে। কোন্ সে এক স্মরণাতীত কালে শ্রীবৃন্দাবনে পরমপুরুষ শ্রীকৃষ্ণ ব্রজগোপ-গোপীনীদের সহিত রং-আবীর বিনিময়ে মাতাইয়া দিয়াছিলেন সকলকে। পথের ধূলি আবীরে রঙীন; যমুনার জলও রঙীন। ভক্ত কবির ভাবুক অন্তরে তাই ধ্বনিয়া উঠিল—"রাঙ্গিল যমুনাজলে কত যে লাজে মরি"—অর্থাৎ বস্ত্র যমুনার জলে রঞ্জিত হইয়াছে তাই লজ্জা লাগিতেছে। "আবার নিবারিতে লোকলাজ অঙ্গে মাখি ধূলি/প্রতিবেশী বলে আসি খেলিছে হোলি,/চাহিয়া দেখি যে অঙ্গ আবীরে গেছে ভরি"—অঙ্গ ও বসনে রংয়ের দাগ ঢাকিতে ধুলা লাগান হইলেও তাহা আবীরে রঙীন হইয়া হোলির পরিচায়ক হইয়া পড়িয়াছে। সুতরাং এই দোল ও হোলি পর্ব আনন্দোচ্ছ্বাস প্রকাশের ও বিনিময়ের এক উৎসব।

তত্ত্বের দিক দিয়া শ্রীকৃষ্ণ পরমাত্মা ব্রজগোপ-গোপিনী জীবাত্মা। পরমাত্মা ও জীবাত্মার সান্নিধ্যের ও মিলনের যে নিবিড় আনন্দ, তাহারই প্রকাশ হোলিতে। পরমাত্মার প্রতি জীবাত্মার ঐকান্তিক আকূতি, চাওয়া পাওয়ার অন্তে সারূপ্যলাভ। রং-আবীর সকলকে রঞ্জিত করিয়া এক রূপ আনিয়া দেয় বহুরূপতা ঘুচাইয়া; দ্যোতনা করে সেই পরমাত্মা-জীবাত্মার সারূপ্যতার। তাই খুশীর উৎসব, আনন্দোচ্ছ্বাসের উৎসব, সারূপ্যতার উৎসব এই দোল-হোলিপর্ব। ইহা অবশ্যই এক প্রীতি বিনিময়ের পর্ব।

কিন্তু যে মনে থাকে ঈশ্বরের পবিত্রতা সেইখানেই আছে শয়তানের কলুষ। তাই হোলির বিকৃত প্রয়োগ—কাদা, নোংরা-জিনিস ছড়ান ও মাখান। ইহাতে প্রীতির সঞ্চার হয় না, হয় ভীতির সঞ্চার। ক্রোধের উদ্রেক, যাহার পরিণতি দেখা যায় হানাহানিতে। এ সমস্তই অন্তরের শয়তান বা পাপ-বুদ্ধির ক্রিয়া। বিবেকবোধকে জাগ্রত করিয়া হোলির যে পবিত্রতম দিকটি আছে, তাহাই সর্বস্তরের মানুষকে বুঝাইয়া দেওয়া দরকার। এই খুশীর উৎসব যে হোলপর্ব, প্রেমপ্রীতি বিনিময়ের এক অতি পবিত্র অনুষ্ঠান, তাহা একদিকে উপলব্ধি করিতে হইবে, অপরকেও বুঝাইতে হইবে।

### ভাবনা বাড়িয়েছে

( প্রথম পৃষ্ঠার পর )

আদৌ তা নয়। সামসেরগঞ্জ থানায় যাদের নামে ওয়ারেণ্ট আটকে রয়েছে তাদের অনেকেই বারবণিতা পল্লী ও জুয়ার আসর দাপিয়ে বেড়াচ্ছেন বলে এস পির কাছে খবর গিয়েছে। এদিকে দু'জন কনষ্টেবলের বদলী নিয়ে মুর্শিদাবাদ পুলিশমহলে জল রীতিমত ঘোলা হতে শুরু হয়েছে। এই দুই কনষ্টেবলের নাম মৃত্যুঞ্জয় দেবনাথ ও নৃপেন মল্লিক। এরা পুলিশ এ্যাসোসিয়েশনের সদস্য। এদের একজনকে বহরমপুর এবং অন্যজনকে রঘুনাথগঞ্জ থানায় বদলী করা হয়েছে মার্চের প্রথম সপ্তাহে। খবরে প্রকাশ, জঙ্গিপুর ফাঁড়িতে থাকাকালীন এদের বিরুদ্ধে গুরুতর অভিযোগ ওঠার ফলেই নাকি এই বদলীর আদেশ। অন্য দিকে ঐ একই অভিযোগে অভিযুক্ত একজন সাব-ইনস্পেকটরের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হয়নি কারণ সি পি এম সমর্থিত ননগেজেটেড পুলিশ কর্মচারী সমিতির সমর্থক। রঘুনাথগঞ্জ থানার ঐ এস আই-এর নাম সনৎ কোঙার। সম্প্রতি এ্যাসোসিয়েশনের জেলা সম্পাদক সন্তোষ সাধু খাঁ। রঘুনাথগঞ্জের এক ঘরোয়া সভায় এই বৈষম্যের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানান। চড়া সুরে তিনি পুলিশ বিভাগের কাজকর্মের সমালোচনা করেন। এই বদলীর বিরুদ্ধে তাঁরা হাইকোর্টে যাবার সিদ্ধান্ত নিয়েছেন। অবশ্য তার আগে তাঁরা একবার এ সম্পর্কে এস পি'র কাছে আবেদন জানাতে যাবেন।

### চোদ্দটিতে লড়বে

( প্রথম পৃষ্ঠার পর )

আছে। তবে মোটামুটি আভাস পাওয়া গেছে সি পি এম ৮ ৯টি আসন নেবেই। ছোট শরিক দলগুলির আব্দার তারা মেনে নিতে পারবেন না, জেলা নেতাদের এটা স্পষ্ট ভাষায় স্থানীয় সি পি এম নেতারা জানিয়ে দিয়েছেন। জেলায় এ নিয়ে প্রাথমিক আলোচনাও হয়েছে। বহরমপুর থেকে ঠিক করে দেওয়া হবে সব কিছু। সেখানকার এক নেতা এই প্রতিবেদককে জানিয়েছেন—শেষ পর্যন্ত সি পি এম ৮টি, আর এস পি ৩টি এবং সি পি আই ও ফঃ ব্লককে ২টি করে আসন বণ্টনের সিদ্ধান্ত হবে। এই বণ্টনে জেলায় কোন শরিকই আপত্তি জানাবে না।

### ভুয়া বর্গাদার

( প্রথম পৃষ্ঠার পর )

জানানোর ফলে তা নিয়ে চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে। আগামী সপ্তাহে এ নিয়ে প্রসিডিং শুরু হবে বলে বিশ্বস্ত সূত্রের খবরে জানা গেছে।

### মুর্শিদাবাদ রাজ্যে প্রথম

( প্রথম পৃষ্ঠার পর )

জেলায় সংগৃহীত হয় ২ কোটি ৭১ লক্ষ ৫৭ হাজার টাকা। এ বছর ৫৬ জন এজেণ্টকে কৃতিত্বপূর্ণ কাজের জন্য পুরস্কার দেওয়া হয়। প্রথম পুরস্কার পান এজেণ্ট আভাষকুমার রায়। অনুষ্ঠানে পৌরোহিত্য করেন জেলা পরিষদের সভাধিপতি নির্মল মুখার্জ্জি।

### ভাতা বন্ধ

( প্রথম পৃষ্ঠার পর )

কোন সরকারী ভাতা তাঁরা পাননি। সামসেরগঞ্জ সি, পি, এম কমিটির মতে এ শিক্ষার্থী নির্বাচন বেআইনী। দলবাজী ও প্রশাসনিক দ্বন্দ্ব প্রশিক্ষণরত দুঃস্থ মহিলাদের প্রাপ্য ভাতা লাভ হতে বঞ্চিত হওয়ার কারণ বলে মনে করা হচ্ছে।

## বহরমপুরে বইমেলা

'বর্তিকা' পত্রিকার রজতজয়ন্তী ও প্রয়াত কবি মণীশ ঘটকের স্মৃতি উৎসব উপলক্ষে আগামী ১৯শে থেকে ২৪শে এপ্রিল এই সর্বপ্রথম সমগ্র মুর্শিদাবাদ জেলা ভিত্তিক এক বইমেলা বহরমপুরে অনুষ্ঠিত হতে চলেছে ভ্রাতৃসংঘ ক্লাবের সন্নিহিত প্রাঙ্গণে। ইতিমধ্যেই জেলার বিভিন্ন অঞ্চল থেকে এ ব্যাপারে সোৎসাহ সাড়া পাওয়া গেছে। কলকাতার ও জেলার বিভিন্ন বিশিষ্ট প্রকাশক ও পুস্তক বিক্রেতা সংস্থার নিজস্ব ষ্টল বা প্রকাশিত বই এই বইমেলায় প্রত্যাশা করা হচ্ছে। পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তর, জেলা প্রশাসন ও জেলা সমাজশিক্ষা আধিকারিক এবং জেলার বিভিন্ন কলেজগুলির পক্ষ থেকে সক্রিয় সহযোগিতার প্রতিশ্রুতি পাওয়া গেছে। বঙ্গীয় প্রকাশ ও পুস্তক বিক্রেতা সমিতিও তাঁদের সহযোগিতার হাত প্রসারিত করেছেন। 'বর্তিকা'র রজতজয়ন্তী উৎসবের কর্মসূচী অনুসারে ১৭ই ও ১৮ই এপ্রিল তারিখে আয়োজিত নাটক, সেমিনার, আবৃত্তি প্রতিযোগিতা ইত্যাদি ছাড়াও ১৯শে এপ্রিল থেকে ২৪শে এপ্রিল পর্যন্ত বইমেলা প্রাঙ্গণে বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের পরিকল্পনা চলছে। বই-মেলা উপলক্ষ্যে একটি স্যুভেনিরও প্রকাশিত হচ্ছে। বইমেলা সম্পর্কে যে কোনো অনুসন্ধানের জন্য বইমেলা কমিটির আহ্বায়ক অধ্যাপক দীপংকর চক্রবর্তীর (পোঃ খাগড়া, মুর্শিদাবাদ জেলা) সঙ্গে যোগাযোগের জন্য অনুরোধ জানানো হয়েছে।

### সাঁকোর সংস্কার দাবী

নিজস্ব সংবাদদাতাঃ রঘুনাথগঞ্জ ব্লকের মণ্ডলপুর মৌজার প্রধান রাস্তার উপর টালার সাঁকোটি ভেঙ্গে পড়ায় বিপদের আশংকা দেখা দিয়েছে। এই প্রধান রাস্তাটি আশেপাশের প্রায় দশটি গ্রামের সঙ্গে যোগাযোগের একমাত্র পথ। রাস্তাটির অবস্থাও অত্যন্ত সঙ্গীন। দীর্ঘদিন ধরে সংশ্লিষ্ট সাঁকোটিও ভগ্নদশায় রয়েছে। পঞ্চায়েতের কাছে আবেদন জানিয়েও কোনো ফল না হওয়ায় কয়েক হাজার মানুষ বেশ অসুবিধার মধ্যে পড়েছেন। তাঁরা সাঁকোসহ রাস্তাটির সংস্কার দাবী করেছেন।

জঙ্গিপুর সংবাদের ক্রোড়পত্র
২৫শে মার্চ, ১৯৮১ সাল (ক)

## হায় মশা !

সাম্প্রতিককালে গ্রামে গঞ্জের সর্বত্রই মশার অত্যাচার বেড়েছে। ঘরে বাইরে সন্ধ্যার অন্ধকার নামার সঙ্গে মশকবাহিনীর সংঘবদ্ধ অভিযান নিয়মিত শুরু হচ্ছে। ফলে ঘরে বসে কাজকর্ম করা মানুষের পক্ষে এক প্রকার শক্ত হয়ে দাঁড়িয়েছে। অন্নদাশঙ্কর রায় একদিন সখেদে বলেছিলেন—"মশাই, দেশান্তরী করলে মোরে কেষনগরের মশাই।" আজ সে মশা বামুনগাছি, কেষনগরের মধ্যে সীমাবদ্ধ নয়। তারা ডানা মেলেছে দেশের চার-দিকে। তাদের দ্রুত পক্ষ বিধুননে শোনা যায় তাদের অভিযানের সশব্দ ঘোষণা। মশাই অতিষ্ঠ হ'লাম আমি। আপনিও, এমন কি সবাই। সাধ করে টেবিলে বসে মশা নিয়ে ফিচার লিখছি না। প্রতিদিনের প্রতি রাতের তিক্ত অভিজ্ঞতা নিয়ে মশা সম্বন্ধে লিখছি। লিখলেই কি তার প্রতিকার হবে? না, তা বলছি না। বলতে চাচ্ছি—এর একটা স্বস্তি পাবার কোন কিছু উপায় বের করা। এ শহরে আনাচে কানাচে এমন সব নর্দ্দমা, খানা-খন্দ আছে সেখানে মশকবাহিনীর এক একটা দুর্গ হয়ে রয়েছে। প্রজননের উর্বর ক্ষেত্র হয়ে রয়েছে। শহরের ড্রেনগুলো নিয়মিত না হচ্ছে পরিষ্কার, না হচ্ছে পরিষ্কার করার ব্যবস্থা। আগে মশক নিধন করার জন্য ব্যবস্থা ছিল ডি ডি টি ছড়ানো। আজ তা আর হচ্ছে কৈ? নিদেন পক্ষে এই শহরের খানা খন্দে, নালা-নর্দ্দমার ময়লা আবর্জ্জনা পরিষ্কারের নিয়মিত ব্যবস্থা করলে যদি মশকদলের ঘাঁটিগুলির কিছু কিছু অংশ নষ্ট হয় তার ব্যবস্থা এই শহরের পুর কর্তৃপক্ষের গ্রহণের অসুবিধা কোথায়?

## গরু চুরির হিড়িক

ধুলিয়ান : দীর্ঘ দিন ধরে পদ্মা পারের চর এলাকায় গরু, ছাগল ইত্যাদি চুরি হচ্ছে বলে খবর পাওয়া গেছে। চোরেদের অত্যাচারে চর এলাকার সাধারণ মানুষ অতিষ্ঠ। গত ৭ মারচ রাত্রে হিজলতলা গ্রামের শের মহম্মদের ৪টি বলদ চুরি হয়েছে। স্থানীয় পুলিশকে জানিয়েও কোন ফল হয়নি। চর এলাকায় ব্যাপক চুরি ও সমাজ-বিরোধীদের দৌরাত্ম বন্ধে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে।

## হকার উচ্ছেদ

ধুলিয়ান : ধুলিয়ান থেকে রতনপুর ডাকবাংলো মোড় পর্যন্ত রাস্তার ধারে সরকারী জমির উপর যে সব দোকান ও চালাঘর গড়ে উঠেছে তাদের উচ্ছেদ করার প্রচেষ্টা সুরু হয়েছে। জরুরী অবস্থার সময়েও এই সব বে-আইনী দখলীকৃত দোকান ও চালাঘর ভাঙ্গা হয়। কিন্তু জনতা সরকারের সময়ে নতুন উদ্যমে সে সব দোকানপাঠ পুনরায় গড়ে উঠে। জানা গেছে ধুলিয়ান থেকে ডাকবাংলো মোড় পর্যন্ত অবৈধভাবে গড়ে উঠা সব দোকান ভেঙ্গে ফেলা হবে। উচ্ছেদ হওয়া দোকানদারদের আপাততঃ কোন বিকল্প পুনর্বাসনের ব্যবস্থা করা হয়নি। ছিন্নমূল হকারদের স্থায়ী পুনর্বাসনের জন্য স্থানীয় এস ইউ সি পার্টির নেতৃত্বে জেলা কর্তৃপক্ষের নিকট দাবী সনদ পেশ করা হয়েছে বলে জানা গেছে।

## ক্ষেতমজুর শিবির

গত ১৪-৩-৮১ হতে ১৬-৩-৮১ পর্যন্ত সাগরদীঘি জুনিয়র কলেজে সরকারী কর্মচারী এবং ক্ষেতমজুরদের এক শিবির অনুষ্ঠিত হয়। হড়হড়ি, ধূমার-পাহাড়, চণ্ডীগ্রামের ক্ষেতমজুরদের বর্গাদারী রেকরডভুক্ত না হওয়ার কারণ জিজ্ঞাসাবাদের কথা ছিল কিন্তু সংবাদে জানা যায়—ঐ সব অঞ্চলের আদিবাসী মজুরদের ঐ শিবিরে আমন্ত্রণ জানান হয়নি। স্থানীয় সি পি এম কর্মীদের জিজ্ঞাসাবাদ করেই ঐ শিবির শেষ হয়েছে বলে জানা গিয়েছে।

## ভুমিজীবী সমিতি

সাগরদীঘি অঞ্চলের বিভিন্ন গ্রামাঞ্চল হতে আগত ভূমিজীবিগণের এক মিলিত সভায় সাগরদীঘি ভূমিজীবী সমিতি গঠিত হয়েছে। সভায় প্রতি গ্রাম পঞ্চায়েত হতে দু'জন করে সদস্য কার্য্য নির্বাহক সমিতির সদস্য নির্বাচিত হয়েছেন। উক্ত সমিতির সভাপতি ও সম্পাদকরূপে নির্বাচিত হয়েছেন আলিমুর্জবান ও শ্রীলক্ষ্মী-নারায়ণ বন্দ্যোপাধ্যায়। গত ২৯.১.৮১ তারিখে বিধানসভায় ভূমি সংক্রান্ত যে বিল পাশ হয়েছে তার প্রতিবাদে এরা ডেপুটেশন দেবে।

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে
অরুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## আফিডেবিট

আমি ইয়াসিন বিশ্বাস পিতা মৃত হানিফ বিশ্বাস বয়স ৪৫ বৎসর জাতি মুসলমান পেষা জোত-জমাদী সাং সম্মতিনগর, থানা রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ ধর্মতঃ প্রতিজ্ঞাপূর্বক প্রকাশ করিতেছি যে, আমার পুত্র শ্রীমান্ মফিজুদ্দিন বিশ্বাসের বর্তমান বয়স ২২ বৎসর ১ মাস হইতেছে। আমার উক্ত পুত্র গত ইং ১৯৫৯ সালের ২৩শে ফেব্রুয়ারী মাসে আমার পূর্ববাটী আহম্মদপুর সাকিমে জন্ম হয়। আমি তথায় সেই সময় উপস্থিত ছিলাম। ইহা আমার জ্ঞানমতে সত্য। উপরোক্ত বিবরণ আমার জ্ঞানমতে সত্য বলিয়া অত্র জঙ্গিপুর জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট (১ম শ্রেণী) আদালতে নিজ নাম সহি করিলাম।

ইয়াসিন বিশ্বাস

## সামাজিক-অর্থ-নৈতিক পুনর্বাসন প্রকল্প

মিরজাপুর, ২২ মারচ—শিবরাম স্মৃতি পাঠাগার ও ক্লাব এর পরিচালনায় কেন্দ্রীয় সমাজ কল্যাণ পর্ষৎ এর অর্থানুকূল্যে সামাজিক-অর্থ-নৈতিক পুনর্বাসন প্রকল্পে ২৫,০০০ টাকা অনুদান পেয়েছে। এই অনুদানে ১০ খানি তাঁত চালান হবে এবং এর প্রয়োজনীয় কাজকর্ম সমস্তই ঐ কেন্দ্রে করা হবে। মোট ২০ জন দুঃস্থ নারী চাকরি পাবেন। এই প্রকল্প রূপায়ণের পথে এগিয়ে চলেছে।

সবার প্রিয় চা—
চা ভাণ্ডার
রঘুনাথগঞ্জ সদরঘাট
ফোন—১৬

খাতাপত্র, পেন-কালির মেলা
পণ্ডিত ষ্টেশনার্স
রঘুনাথগঞ্জ

## মুর্শিদাবাদ জেলা বিদ্যালয় পর্ষৎ

## বিজ্ঞপ্তি

মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডের জন্য ব্ল্যাকবোর্ড, মানচিত্র ও ষ্টীলের বাক্স সরবরাহের জন্য নিম্ন স্বাক্ষরকারী সীল মোহর করা খামে টেণ্ডার আহ্বান করিতেছেন।

জিনিসের দাম, বিক্রয় কর, আয় কর ও স্কুল বোর্ডের গুদামে সরবরাহ করা পর্য্যন্ত সর্বপ্রকার খরচ ধরিয়া দর লিখিতে হইবে।

৯ই এপ্রিল, ১৯৮১ বেলা ২ ঘটিকা পর্য্যন্ত টেণ্ডার গ্রহণ করা হইবে।

বিস্তারিত বিবরণ কাজের দিনে স্কুল বোর্ডের অফিস হইতে দেখা যাইতে পারিবে।

অরুণ ভট্টাচার্য্য
সভাপতি,
তদর্থক কমিটি,
মুর্শিদাবাদ জেলা বিদ্যালয় পর্ষৎ।

## ছাত্র সংসদ নির্বাচন

জঙ্গিপুর কলেজে ছাত্র সংসদ নির্বাচন উপলক্ষে তৎপরতা পুর্ণোদ্যমে শুরু হয়ে গিয়েছে। গতকাল ছিল মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিন। প্রধানতঃ শ্রেণী প্রতিনিধিদের ৫৫টি আসনে সরাসরি প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে। ভারতের ছাত্র ফেডারেশন ও ছাত্র পরিষদ ( ইন্দিরা ) এর মধ্যে। ডি, এস, ও মাত্র ৮টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছে। নির্বাচন হবে ২রা এপ্রিল। কলেজ এখন শ্লোগান মুখর। নিয়মমত দৈনন্দিন কাজ প্রায় কিছুই হতে পারছে না। বহিরাগত বেশ কিছু ছাত্র নেতা ক্লাসে ক্লাসে গিয়ে তাঁদের বক্তব্য রাখছেন। ফলে পড়াশুনাও বন্ধ। গতবারে ছাত্র সংসদ নির্বাচনে এস এফ আই জয়ী হয়। এবারে লড়াই হবে সরাসরি।

## মিছিল, সভা, কমিটি গঠন

নিজস্ব সংবাদদাতা : বিড়ি শিল্পের সঙ্গে সংশ্লিষ্ট সাতটি ইউনিয়ন জঙ্গিপুর মহকুমার বিড়ি শ্রমিক প্যাকারস ও কর্মচারীদের বার দফা দাবী নিয়ে গত সোমবার ধুলিয়ান বিড়ি মালিক সমিতির অফিসে বিক্ষোভ দেখান এবং অবস্থান করেন। ইউ টি ইউ সি, সিটু, ইউ টি ইউ সি (লেনিন সরণী), এন এস সি সি ও আই এন টি ইউ সি'র পক্ষ থেকে স্থানীয় নেতারা ঐ মিছিলে নেতৃত্ব দেন।

আরো খবর, শিক্ষা ক্ষেত্রে নৈরাজ্য, শান্তি ও শৃঙ্খলা রক্ষায় প্রশাসনিক ব্যর্থতা প্রভৃতির প্রতিবাদে ৮ মার্চ্চ ধুলিয়ানের ফুলতলায় ব্লক যুব জনতার একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট বিষয়গুলি নিয়ে মুখ্যমন্ত্রীর কাছে একটি গণ দরখাস্ত পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়।

গত ২২ মার্চ সমসেরগঞ্জ সংযুক্ত কিষাণ সভার সম্মেলনে বর্তমান বৎসরের জন্য সভাপতি হিসাবে কমঃ নন্দলাল সরকার ও সম্পাদক নির্বাচিত হয়েছেন মোঃ আক্রাম আলী। সভায় জেলা সম্পাদক কমঃ শিবু সান্যাল উপস্থিত ছিলেন।


পানে ও আপ্যায়নে

**চা ঘরের চা**

রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

ফোন—৩২

লালবাগ—বহরমপুর—রঘুনাথগঞ্জ ভায়া সাগরদীঘি রুটে স্বাচ্ছন্দ্যে যাতায়াতের জন্য নির্ভরযোগ্য বাস

*নেশার বাস সারভিস*

( ভারতের যে কোন স্থানে ভ্রমণের জন্য রিজারভ দেওয়া হয় )

**1980 সালে যে ভিত ফেলেছি, আসুন 1981-তে তার ওপর নির্মাণ শুরু করি**

রাশছাড়া মুদ্রাস্ফীতি 1980-তে নিয়ন্ত্রিত হয়েছে এবং কয়লা, বিদ্যুৎ শিল্পপণ্য ও খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধি করা গিয়েছে।

এখন সময় এসেছে সেই সাফল্যগুলিকে স্থিতিশীল ক'রে উৎপাদন বৃদ্ধিতে প্রয়াসী হওয়ার, সমাজের কোনও অঙ্গ জাতীয় আয়ের মোটা অংশ দাবী করার আগেই তা করা দরকার।



**কঠোর শ্রম ও স্বাবলম্বন এই দুটি মন্ত্র পুঁজি করুন**

davp 80/462

## National Thermal Power Corporation Ltd.

### Farakka Super Thermal Power Project

P. O. Farakka Barrage, Dist. Murshidabad
West Bengal Pin 742 212

Sealed tenders are invited from experienced and registered Contractor of NTPC/CPWD/State PWD/Railways/MES/State Electricity Board/Government & Public Sector Undertaking for the following works. Tender documents can be had in person after showing the registration and credentials at the address given below, on payment of cost of tender paper for each work. Tenderers desiring tender documents by post should send Rs. 20.00 (Rupees twenty) only extra either by money order or Demand Draft in favour of State Bank of India, National Thermal Power Corporation Limited, payable at Farakka to the address mentioned below alongwith a copy of proof of registration and credentials. Tender documents for Sl. No. 1 will be on sale from 21-3-1981 to 6-4-1981 from 9-00 Hrs. to 11-00 Hrs. and 15-00 Hrs to 16-30 Hrs. and will be received latest by 10-00 Hrs. on 10-4-1981 and will be opened on the same date at 10-30 Hrs. in presence of attending tenderers and for Sl. No. 2, documents will be on sale from 17-3-1981 to 2-4-1981 and will be received latest by 3-4-1981 upto 10-00 Hrs. and will be opened on the same date at 10-30 Hrs. in presence of attending tenderers or their authorised representatives.

**Name of the work—**

1. Construction of Field Hostel-2 (One No.) for Farakka Super Thermal Power Project.
   Tender Notice No. FS : 42 : CS : 329/T-10/81.
2. Construction of Workshop and Autobase at Temporary Township Site of Farakka Super Thermal Power Project.
   Tender Notice No. FS : 42 : CS : 85/T-9/81.

**Approx: Value of Work** (in Lakhs)—

1. 15 2. 1.62

**Earnest Money/Cost of Tender Documents** (Rs.)—

1 30,000.00/10.000 2. 3,300.00/50.00

**Completion Period—**

1. Eight Months 2. Three Months

### TERMS & CONDITIONS

1. Proof of registration, credentials, tax clearance certificate are to be shown at the time of obtaining forms and should be submitted alongwith the tender.
2. General Conditions of Contract and tender specifications can be seen in this office on any working day during office hours.
3. The acceptance of the tender and award of the work to more than one contractor if considered necessary rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest or any tender and reserves the authority to accept a tender in whole or in part or reject any or all the tenders submitted without assigning any reason.
4. Tender received late and/or without Earnest Money will not be entertained. Adjustment of Earnest Money against running account bill is not acceptable and Earnest Money to be submitted in any of the acceptable forms as mentioned in the tender papers, alongwith the tender at the time of submission. Tenderers registered with any other project of NTPC are not exempted from deposition of EMD.

Chief Construction Manager,
Farakka Super Thermal Power Project,
P. O. Farakka, Dist. Murshidabad (W.B.)
Pin—742 212

*আমিও একদিন……*

দিনের পর দিন, মাসের পর মাস, বছরের পর বছর—এমনিভাবেই দাঁড়িয়ে ছিলাম।

এই থমকে দাঁড়িয়ে থাকার থেকে আজ আমি সদা কর্মব্যস্ত। জনপ্রিয় এই কর্মব্যস্ততা আমার মধ্যে এনে দিয়েছে। এই থমকে থাকা জীবন থেকে বেরিয়ে এসে আজ আমি এক সন্তানের পিতা এবং সুখী।

শুধু আমিই নই—আমার মতন আরো হাজার হাজার বেকারের মুখে● জনপ্রিয় আজ আশার আলো জাগিয়েছে।

**জনপ্রিয় ফিনানস এণ্ড ইণ্ডাষ্ট্রীয়াল ইনভেষ্টমেণ্ট ( ইণ্ডিয়া ) লিমিটেড**

হেড অফিস—চ্যাটার্জ্জী ইন্টারন্যাশনাল সেণ্টার
( ৫ম তল )

৩৩এ জহরলাল নেহেরু রোড ( চৌরঙ্গী রোড ) কলি-৭০০০৭১
ভারতের সর্বত্র আমাদের ব্রাঞ্চ অফিস ও অর্গানাইজেশন অফিস আছে।

শাখা অফিস—ষ্টেশন রোড, বহরমপুর

**শীঘ্রই রঘুনাথগঞ্জে অর্গানাইজেশন অফিস খোলা হইতেছে।**

সকলের প্রিয় এবং বাজারের সেরা
**ভারত বেকারীর** শ্লাইজ ব্রেড
মিয়াপুর * ঘোড়শালা * মুর্শিদাবাদ




রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত-প্রেস হইতে
অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।